**বিষয়টি জরুরী**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কারিগরি শিক্ষা অধিদপ্তর**
**এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।**
**www.techedu.gov.bd**

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৫.০৯৯.০০৪.২৫.৪৬ তারিখ : ০৭ মে, ২০২৬ খ্রি.

**বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে পূর্ব নিরীক্ষা হতে ২০২৩-২০২৪ অর্থবছর পর্যন্ত শিক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক প্রেরিত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এর আলোকে অডিট আপত্তির ব্রডশিট জবাব প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৭.০৮.০১৩.২৫.২৮৩, তারিখ: ০৯/০৯/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন ০২টি ইঞ্জিনিয়ারিং কলেজ, ১০টি পলিটেকনিক ইনস্টিটিউট, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট, বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস, ০১টি কম্পিউটার ইন্সটিটিউট, ০৯টি সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, সেন্ট্রাল স্টোর কাম-ওয়ার্কশপ এবং ০৩টি প্রকল্পের পূর্ব নিরীক্ষা হতে ২০২৩-২০২৪ অর্থ বছর পর্যন্ত নিরীক্ষা কার্যক্রম মাঠ পর্যায়ে সম্পন্ন করা হয়েছে। উক্ত নিরীক্ষা কার্যক্রমের অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) অত্র দপ্তরে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে গত ১৬ জুলাই, ২০২৫ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০৩৫০৯৯.০০৪.২৫.৮০ নং স্মারকে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে পত্র প্রেরণ করা হয়।

২। উক্ত অডিট আপত্তির ব্রডশিট জবাব ১০ কার্যদিবসের মধ্যে চেয়ে অত্র অধিদপ্তর হতে ১৫ জুলাই, ২০২৫ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০৩৫.০৯৯.০০৪.২৫.৮০ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যবধি অনেক প্রতিষ্ঠান হতে ব্রডশিট জবাব পাওয়া যায়নি। ব্রডশিট জবাব জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য সূত্রোক্ত স্মারকে টিএমইডির শিক্ষা মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। এমতাবস্থায়, অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এ উল্লেখিত গুরুতর আর্থিক অনিয়ম (SFI) আপত্তিসমূহ 'ছক (ক)' অনুসারে ৩(তিন) সেট ও সাধারণ আর্থিক অনিয়ম (Non-SFI) আপত্তিসমূহ 'ছক (খ)' অনুসারে ২(দুই) সেট ব্রডশিট জবাব (নিকোশ ফন্টে) উপযুক্ত প্রমাণকসহ আগামী ২১/০৫/২০২৬ খ্রি. তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** ০১ (এক) পাতা।

17/05/26

ড. রেজা হাসান মাহমুদ
সহকারী পরিচালক (অডিট ও আইন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। প্রকল্প পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)।
৩। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
৪। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউট (সকল)।
৫। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট, বগুড়া।
৬। অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।

**অব্যাহত পাতা-২**

৭। সহকারী পরিচালক-১/৬ ও আয়ন ব্যয়ন কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮। ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর কাম-ওয়ার্কশপ, নারায়ণগঞ্জ।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালক, শিক্ষা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৫ম ও ৬ষ্ঠ তলা), সেগুন বাগিচা, ঢাকা;
৩। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ);
৬। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭। সংশ্লিষ্ট নথি।

তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অডিট শাখা
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৮.০১৩.২৫-২৮৩

তারিখঃ ২৪ ভাদ্র, ১৪৩২
০৯ সেপ্টেম্বর, ২০২৫

**বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরের Audit Inspection Report (AIR) -এর উপর ব্রডশীট জবাব প্রেরণ।**

সূত্র: (১) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৮.০১৩.২৫-২৭১; তারিখ: ২০ জুলাই, ২০২৫ তারিখ
(২) শিক্ষা অডিট অধিদপ্তরের স্মারক নং-৮২.১৬.০০০০.১০৭.০১.২২৫.২৫-৫৩৫; তারিখ: ৩০ জুন, ২০২৫ খ্রি.
(৩) শিক্ষা অডিট অধিদপ্তরের স্মারক নং-৮২.১৬.০০০০.১০৭.০১.২২৫.২৫-৫৩৬; তারিখ: ৩০ জুন, ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থবছরের Audit Inspection Report (AIR) -এর SFI ব্রডশীটের জবাব ০২ সপ্তাহের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি AIR'র চাহিদা মোতাবেক ব্রডশীট জবাব পাওয়া যায়নি। সময়মত ব্রডশীট জবাব প্রেরণ করা না হলে শিক্ষা অডিট অধিদপ্তরে রিপোটভূক্ত হওয়ার সম্ভবনা রয়েছে। বিধায় বিষয়টি জরুরি।

০২. বর্ণিতাবস্থায়, ২০২৩-২০২৪ অর্থবছরের Audit Inspection Report (AIR) -এর SFI ব্রডশীটের জবাব আগামী ১৫.০৯.২৫ তারিখের মধ্যে **জরুরি ভিত্তিতে** এ বিভাগের অডিট শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯.০৯.২০২৫

(কাজী আলী রেজা)
সিনিয়র সহকারী সচিব (অডিট).
ফোন: ০২-৪১০৫২২৩৬
ই-মেইল: tmedaudit21@gmail.com

**বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

**অনুলিপি:** (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো)

০১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. যুগ্মসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. অফিস কপি।